গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: info@rc.gov.bd | rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ১২৮৫ তারিখ ১১ আষাঢ় ১৪৩১ ব: / ২৫ জুন ২০২৪ খ্রি.

## ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী Online-এ সম্পন্ন করা যাবে। যে সকল শিক্ষার্থী (নিয়মিত) ২০২১ সালের ডিগ্রী পাস সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফরম পূরণ করেনি তাদেরকে পুন:ভর্তির মাধ্যমে ফরম পূরণের নির্দেশ দেয়া যাচ্ছে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের বিস্তারিত সময়সূচী নিম্নে দেয়া হলো।

**১। পরীক্ষার আবেদন ফরম পূরণের সময়সূচি**

| তারিখ | গ্রুপ | সময় | স্থান |
|---|---|---|---|
| ৩০/০৬/২০২৪ থেকে ০৪/০৭/২০২৪ (সাপ্তাহিক ছুটি দিন ব্যতীত) | সকল গ্রুপ | সকাল ১০ টা থেকে বেলা ১ টা পর্যন্ত | সংস্কৃত বিভাগ ফুলার ভবন (২য় তলা) |

**২। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য)**

(ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (*http://nubd.info/formfillup/*) এ গিয়ে ডান পাশে Apply (For Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে।

(খ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। প্রত্যেক অংশে শিক্ষার্থীকে সম্প্রতি তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

(গ) উভয় অংশে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

(ঘ) *http://180.211.183.206/EasyCollegeMate/public/Degree/formfillup* লিংক থেকে Form Fillup Confirmation Slip ডাউনলোড করে আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।

**২। পরীক্ষার ফিস জমা:**

**DBBL টাকা পরিশোধের নিয়মাবলী:**

(ক) নিয়মিত ছাত্র-ছাত্রী যাদের DBBL মোবাইল এ্যাকাউন্টে আছে তারা নিজেদের একাউন্ট থেকে অথবা এজেন্ট বা অন্য একাউন্ট থেকে নিম্নোক্ত নিয়ম অনুসারে প্রথমে ফরমপূরণের ফি পরিশোধ করবে এবং পরে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Degree/formfillup* লিংকে প্রবেশ করে Student ID ও Formfillup Level নির্বাচন করে *Next* বাটনে ক্লিক করে **পেমেন্ট কনফার্মেশন স্লিপ** ডাউনলোড করে নিবে।

(খ) অনিয়মিত ও মানোন্নয়ন ছাত্র-ছাত্রীদেরকে পেমেন্ট অপশনে যাওয়ার আগে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Degree/formfillup* লিংকে প্রবেশ করে Click Here বাটনে ক্লিক করার পর Student ID ও Formfillup Level নির্বাচন করে Next বাটনে ক্লিক করতে হবে। এরপর পূর্ণপত্র বা বিষয় সংখ্যা যেটি প্রযোজ্য সেটি নির্বাচন করার পর Next বাটনে পুনরায় চাপ দিলে ডাচ্-বাংলা ব্যাংকের পেমেন্ট অপশন আসবে। তারপর নিম্নোক্ত পদ্ধতি অনুযায়ী পেমেন্ট করতে হবে। এরপর পেজ Refresh করে অথবা Sign-in করে অথবা পুনরায় উক্ত লিংকে অনুরূপভাবে প্রবেশ করে **পেমেন্ট কনফার্মেশন স্লিপ** ডাউনলোড করতে হবে।

১. যে সকল মোবাইলে **DBBL** মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে ***322#** ডায়াল করে **DBBL** মোবাইল ব্যাংক মেনুতে যান
২. পেমেন্ট **1 (One)** সিলেক্ট করুন
৩. নিজের মোবাইল থেকে হলে **1 (One)** সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে **Other 2 (Two)** সিলেক্ট করুন
৪. অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন **(Enter Student Mobile Number)**
৫. **Other 0 (Zero)** সিলেক্ট করুন
৬. রাজশাহী কলেজের **Biller ID 304** টাইপ করুন
৭. **Bill No**-এ আপনার **Class ID** (উদাহরণ :**2019000006**) দিন
৮. টাকার পরিমাণ লিখুন
৯. চার ডিজিটের **PIN** টাইপ করুন
১০. **OK/Send** বাটন চাপুন
১১. পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি **DBBL** থেকে **TrxID** যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ফরম পূরণ সম্পন্ন হবে। এবং ফরম পূরণের লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

৪। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত)ঃ

(ক) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে নিয়মিত শিক্ষার্থী ও ২০২০ সালের রেজিস্ট্রেশন প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে **"ইংরেজি"** আবশ্যিকপত্রসহ প্রতিটি নৈর্বাচনিক বিষয়ের ৫ম ও ৬ষ্ঠ পত্রে অংশগ্রহণ করবে।

(গ) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৫। ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত)

(ক) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে **"ইংরেজি"** আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষগুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(গ) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(ঘ) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

৬। ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন)

ক) ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

৭। সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর)

(ক) ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নাই তারা সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। একই সাথে ১ম ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ২০১৫-২০১৬ এবং ২০১৬ (প্রাইভেট) শিক্ষাবর্ষের এ ধরণের শিক্ষার্থী সর্বসাকুল্যে ৬০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে উল্লেখিত শর্তে শুধুমাত্র ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশ নিতে পারবে।

উভয় ক্ষেত্রেই রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন নাই এবং উত্তীর্ণ হলে মানোন্নয়ন অংশ গ্রহনের সুযোগ পাবে না। তবে শর্ত থাকবে যে, পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

৮। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য)

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/formfillup) এ গিয়ে Apply to online form Fillup (For Student) এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইনে থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদকারীকে নিজ দ্বায়িত্বে স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

৯। প্রবেশপত্র সংশোধন

(ক) প্রবেশপত্র কোনক্রমেই কাটাকাটি বা সংশোধন করা যাবে না। প্রবেশপত্রে যদি কোন ভুল থাকে তা সংশোধনের জন্য আনুষঙ্গিক কাগজপত্র সহ ডিগ্রী পাস শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-এর সাথে যোগাযোগ করতে হবে।

(খ) রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় কোড অনুযায়ী ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০। রেগুলেশন

২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ রেগুলেশন অনুযায়ী এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১১। সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে)

২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

বি:দ্র:- ১ ফরমপূরণের যাবতীয় ফিস নিয়মিত, অনিয়মিত এবং গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদের DBBL এর মাধ্যমে প্রাইভেট শিক্ষার্থীদের ফরম পূরণের ফিস কলেজ ক্যাশ শাখা এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ফরম পূরণের যাবতীয় ফিস রূপালী ব্যাংক লি. কে.এন.আই. রোড শাখা, রাজশাহীতে জমাদানের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

বি: দ্র:-২ জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা পরিচালনা কমিটির আহ্বায়কসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ ও পরামর্শ দেয়া হলো।

স্বা:

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. 1286 (8)

তারিখ ১১ আষাঢ় ১৪৩১ ব:
২৫ জুন ২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
২। আহ্বায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২২, রাজশাহী কলেজ, রাজশাহী।
৩। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
৪। ম্যানেজার, রূপালী ব্যাংক লি. কে.এন. আই. রোড শাখা, রাজশাহী।
৫। ম্যানেজার, DBBL, রাজশাহী।
৬। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
৭। নথি সংরক্ষণ।

অধ্যক্ষ 29/06/2024

রাজশাহী কলেজ, রাজশাহী।

29/06/2024